তারিখ 01 JAN 2016

বাংলা একাডেমি বাঙালি জাতিসত্তা ও বুদ্ধিবৃত্তিক উৎকর্ষের প্রতীক

বাংলা একাডেমি

৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা ১০০০

# বিজ্ঞপ্তি

## অমর একুশে গ্রন্থমেলা ২০১৬

### স্থান : বাংলা একাডেমি প্রাঙ্গণ ও সোহ্‌রাওয়ার্দী উদ্যান

অমর একুশে গ্রন্থমেলা ২০১৬-তে অংশগ্রহণ করতে আগ্রহী প্রকৃত পুস্তক প্রকাশনা প্রতিষ্ঠানকে সম্প্রতি প্রকাশিত গ্রন্থাদিসহ বাংলা একাডেমি কর্তৃক সরবরাহকৃত তথ্য ফরম পূরণ করে একাডেমিতে জমা দেয়ার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। প্রাপ্ত তথ্যফরম গ্রন্থমেলা পরিচালনা কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ের পর নির্বাচিত পুস্তক প্রকাশনা প্রতিষ্ঠানকে স্টল বরাদ্দের আবেদনপত্র সরবরাহ করা হবে। কেবল প্রকৃত প্রকাশনা প্রতিষ্ঠানই বইয়ের স্টলের জন্য আবেদন করতে পারবে।

তথ্যফরম ৫ই জানুয়ারি মঙ্গলবার থেকে ৭ই জানুয়ারি ২০১৬ বৃহস্পতিবার পর্যন্ত বিক্রয়, বিপণন ও পুনর্মুদ্রণ বিভাগ, বাংলা একাডেমি, ঢাকা ১০০০ থেকে অফিস সময়ে সংগ্রহ ও জমা দেয়া যাবে। স্টল বরাদ্দের নির্ধারিত আবেদনপত্র ১২ই জানুয়ারি মঙ্গলবার থেকে ১৪ই জানুয়ারি ২০১৬ বৃহস্পতিবার (সকাল ১০:০০টা থেকে বিকেল ৫:০০টা) কোষাধ্যক্ষ, বাংলা একাডেমি, ঢাকা ১০০০-এর নিকট অফেরতযোগ্য ১,০০০.০০ (এক হাজার) টাকা নগদ জমা দিয়ে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র ১২ই জানুয়ারি মঙ্গলবার থেকে ১৪ই জানুয়ারি ২০১৬ বৃহস্পতিবার পর্যন্ত (সকাল ১০:০০টা থেকে বিকেল ৫:০০টা) বিক্রয়, বিপণন ও পুনর্মুদ্রণ বিভাগে জমা নেয়া হবে।

অংশগ্রহণকারী প্রকাশনা প্রতিষ্ঠানকে 'অমর একুশে গ্রন্থমেলা ২০১৬'-এর নীতিমালা ও নিয়মাবলি মেনে চলতে হবে।

ড. জালাল আহমেদ
সদস্য-সচিব
অমর একুশে গ্রন্থমেলা পরিচালনা কমিটি ২০১৬
বাংলা একাডেমি, ঢাকা ১০০০

IGD-04/16 (8"x3)